মুজিবনগরে টাকাসহ ৩ জন জুয়াড়ী আটক

মুজিবনগরে টাকা দিয়ে তাসের জুয়া খেলা অবস্থায় ৩ জন জুয়াড়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।
সোমবার (২ আগষ্ট) রাত সাড়ে নয়টার দিকে অতিরিক্ত পুলিশ সুপার(সার্কেল)অপু সরোয়ার এর নেতৃত্বে রশিকপুর খা পাড়া পাড়া ইবাদুল শেখের বাড়িতে একটি টিনের চালার নিচে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন,মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের মৃত,কেয়ামতদ্দিন এর ছেলেমুজিদুল শেখ(৪০),মৃত,সার্থক গাইন এর ছেলেশাহিন গাইন(৪০) ও মৃত,তাহাজদ্দীন এর ছেলে
আকামুখ শেখ (৩৫)।

এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম,এসআই মোমিনুর রহমানসহ পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।জুয়ারী আটকের সময়নগত ৬হাজার ১শত ৬৬ টাকা,৩ টা মোবাইল ও ১ সেট তাসসেট জব্দ কর হয়।মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম আটকের বিষয় নিশ্চিত করেন। এবং তাদের নামে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর কারাগারে পাঠানো হবে বলেও জানান তিনি।

জিপ নিয়ে ঘুরে এলেন বরিশাল, গরু নিলেন পিকআপে

মেহেরপুর পৌরসভায় সদ্য নিয়োগ পাওয়া প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেদী হাসানের বিরুদ্ধে সরকারি বিধি অমান্য করে যানবাহন নিজের প্রয়োজনে ব্যবহারের অভিযোগ উঠেছে।
অভিযোগ উঠেছে তিনি মেহেরপুর পৌরসভার জিপ নিজ জেলা বরিশালে নিয়ে গেছেন দুই বার। তিনি নিজেই চালক হিসেবে জিপটি ব্যবহার করেছেন। এছাড়া কোরবানীর গরু কিনে তিনি পৌরসভার পিকআপে করে নিয়ে গেছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, গত ১৯ জুলাই তিনি নিজে জিপ চালিয়ে এবং পিকআপে করে কোরবানীর গরু নিয়ে গেছেন নিজ বাড়ি বরিশালে। পিকআপটি চালিয়েছেন পৌরসভার ড্রাইভার মিঠু। পরবর্তিতে ২৯ জুলাই তিনি আবারো পৌরসভার জিপ নিয়ে তিনি বরিশালে গেছিলেন। কিন্তু সরকারি বিধিতে বলা আছে পৌরসভার কোন যানবাহন পৌর এলাকার বাহিরে কেউ নিয়ে যেতে পারবেন এমনকি ভাড়াও দেওয়া যাবে না।
অভিযুক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেদী হাসান মেহেরপুর প্রতিদিনকে বলেন, জিপটি সার্ভিসিং করার পর লং রাইড প্রয়োজন ছিলো যে কারণে আমি বরিশালে নিয়ে গেছিলাম। এভাবে নিয়ে যেতে পারেন কিনা প্রশ্ন করলে তিনি উত্তর না দিয়ে চুপ থাকেন। এছাড়া পৌরসভার পিকআপ নিয়ে গরু নিয়ে গেছেন এমন প্রশ্নে তিনি বলেন, ভাড়া নিয়ে মেয়র সাহেবকে জানিয়ে পিকআপ নিয়ে গেছিলাম।
এ ব্যাপারে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান বলেন, লকডাউন বিবেচনায় তাকে পিকআপ তেল খরচ করে ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছিলো।

করোনায় এক দিনে ২৪৬ জনের মৃত্যু, শনাক্ত ১৬ হাজার

মারণভাইরাস করোনায় আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরো ২৪৬ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনায় দেশে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ২১ হাজার ১৬২ জনে। এ ছাড়া নতুন করে শনাক্ত হয়েছেন ১৫ হাজার ৯৮৯ জন। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ১২ লাখ ৮০ হাজার ৩১৭ জনে।

আজ সোমবার (২ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনাবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

এর আগে, দেশে করোনার ইতিহাসে একদিনে সর্বোচ্চ ২৫৮ জনের মৃত্যু হয় ২৭ জুলাই। এছাড়াও ১১ জুলাই ২৩০ জন, ১২ জুলাই ২২০ জন, ১৩ জুলাই ২০৩ জন, ১৪ জুলাই ২১০ জন, ১৫ জুলাই ২২৬ জন, ১৬ জুলাই ১৮৭ জন, ১৭ জুলাই ২০৪ জন, ১৮ জুলাই ২২৫ জন, ১৯ জুলাই ২৩১ জন, ২০ জুলাই ২০০ জন, ২১ জুলাই ১৭৩ জন, ২৬ জুলাই ২৪৭ জন, ২৮ জুলাই ২৩৭ জন, ২৯ জুলাই ২৩৯ জন, ৩০ জুলাই ২১২ জন এবং ৩১ জুলাই ২১৮ জনের মৃত্যু হয়।

সূত্র: কালের কণ্ঠ অনলাইন

মেহেরপুরে নতুন করে আরও ৫৬ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ৫৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৩২ জন, গাংনীতে ১৭ জন, মুজিবনগর ৭ জন।

সোমবার দুপুরে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৮২ টি। তারমধ্যে ৫৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৪৪ জন। তার মধ্যে সদরে ২০৪ জন, গাংনীতে ২৫০ জন এবং মুজিবনগরে ৯০ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৪০ জন । মৃতদের মধ্যে সদরে ৬২ জন, গাংনী ৪৭ জন ও মুজিবনগরে ৩১ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

মেহেরপুরে সেলুন কর্মীদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

মেহেরপুর পৌরসভার উদ্যোগে পৌর এলাকায় করোনায় কর্মহীন নর সুন্দরদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ

করা হয়েছে।সোমবার দুপুরের দিকে মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণে মেহেরপুর পৌর এলাকার নর সুন্দরদের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়। পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন উপস্থিত থেকে খাদ্যসামগ্রী তুলে দেন। এসময় প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফ রাজিব, মীর জাহাঙ্গীর হোসেন, আলপনা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নতুন করে আরও ৬৯ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৬৯ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৩২ জন, গাংনীতে ১৯ জন, মুজিবনগর ১৮ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২৫৮ টি। তারমধ্যে ৬৯ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৮৪ জন। তার মধ্যে সদরে ২১৩ জন, গাংনীতে ২৭০ জন এবং মুজিবনগরে ১০১ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৩৭ জন । মৃতদের মধ্যে সদরে ৬১ জন, গাংনী ৪৬ জন ও মুজিবনগরে ৩০ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

মেহেরপুর ডিবি পুলিশের অভিযানে ৪ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর শহরের ষ্টেডিয়ামপাড়া থেকে ৬ গ্রাম হেরোইনসহ ৪ জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

রবিবার বিকাল সাড়ে ৪টার দিকে শহরের ষ্টেডিয়ামপাড়ার নিজ বাড়ি থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন, মেহেরপুর পৌর শহরের ষ্টেডিয়াম পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে, রায়হান খাঁ (৫৬), মোমিন খাঁ (৩৮), রায়হান খাঁর ছেলে টুটুল খাঁ (২৯), মল্লিকপাড়ার রমেশ ক্লিনিক এলাকার শাহাদাৎ হোসেনের ছেলে চঞ্চল (৩৮)।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, জেলার বিভিন্ন জায়গায় চলমান মাদকবিরোধী অভিযান এর ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি, শহরের ষ্টেডিয়াম পাড়ায় মাদকের কারবার চলছে এমন সংবাদের ভিত্তিতে এস আই (নি:) বিশ্বজিৎ সরকার এর নেতৃত্বে সঙ্গীয় এসআই অজয় কুমার কুন্ডু, এসআই হাবিবুর রহমান, এসআই মুক্ত রায় চৌধুরী পিপিএম, এএসআই (নি:) মাহতাব উদ্দিন, এএসআই হেলাল উদ্দিন, এএস আই আহসান হাবীবসহ ডিবি পুলিশের একটি দল ওই এলাকায় অভিযান চালায়। এসময় ০৬ গ্রাম হেরোইন ও হেরোইন বিক্রয়ের ৪৬৫০ টাকা সহ আটক তাদের আটক করা হয়। তাদের বিরুদ্ধে মেহেরপুর থানায় নিয়মিত মামলা রুজু হয়েছে। তাদের বিরুদ্ধে আরও মাদকের মামলা বিচারাধীন আছে।

মেহেরপুরে জেলা পরিষদের উদ্যেগে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ অব্যাহত

করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন এলাকায় মাস্ক,

হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ ও সাবান বিতরণ করা অব্যাহত রয়েছে।

রবিবার বিকেলে মেহেরপুর উপজেলার বামন পাড়া মোড় থেকে শুরু করে বন্দর, চকশ্যামনগর, মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান ও মুজিবনগরের বিভিন্ন এলাকায় স্থানীয় ও পথচারী বিভিন্ন শ্রেণি পেশার মানুষের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ ও সাবান বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল উপস্থিত থেকে এসকল সামগ্রী বিতরণ করেন।

এসময় তিনি বলেন, বিশ্বের প্রতিটা দেশের মতোই আমাদের বাংলাদেশ ও এই করোনা মহামারীর মোকাবেলা করছে। তাই প্রধানমন্ত্রীর নির্দেশ প্রতিটি মানুষকেই মাস্ক পরিধান করতে হবে, সাবান দিয়ে হাত ধুতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। তাই আমরা বিভিন্ন জায়গায় গিয়ে মানুষের মাঝে মাস্ক, স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ এবং সাবান দিয়ে আসছি। কিন্তু আমরা লক্ষ্য করছি আমরা মাস্ক যখন দিচ্ছি তখন সবাই মুখে না দিয়ে হাতে রেখে দিচ্ছেন। এটা শুধু আপনার ক্ষতি নয়, আমাদের ক্ষতি আমাদের দেশের ক্ষতি।

তিনি আরো বলেন, আমরা এই করোনা যুদ্ধ জয় করতে পারি মাস্ক পরিধানের মাধ্যমে। মাক্স ব্যবহারের কোনো বিকল্প নেই। বাড়িতে বের হওয়ার সাথে সাথে আমাদের সকলকেই মাস্ক পরিধান করতে হবে। এ সময় মেহেরপুর জেলা পরিষদের প্রধান সহকারীী জিল্লুর রহমান, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যানের গোপনীয় সহকারী শাহীন ইকবাল এবং মেহেরপুর জেলা পরিষদের সদস্য আজিমুল বারী মুকুল এবং মোছাঃ নার্গিস আরা উপস্থিত ছিলেন।

কল দিলেই অসহায় মানুষের বাড়িতে

খাবার পৌছে দিচ্ছে ইউনিভার্সাল এমিটিঃ

ফোনের কল পেয়ে অসহায় দুস্থ মানুষের বাড়িতে বাড়িতে খাবার পৌছে দিচ্ছে ইউনিভার্সাল এমিটি ফাউন্ডেশন

আজ রবিবার সকাল থেকে একযোগে ফোনের কল পেয়ে বাড়িতে বাড়িতে খাবার পৌছে দিয়েছে।
ইউনিভার্সাল এমিটির চেয়ারম্যান মেহেদী হাসান হিরোর নির্দেশনায় কাজ করে চলেছে এক ঝাক তরুন প্রজন্ম।বর্তমানে এই মহামারী করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবে কোন অসহায় মানুষ লকডাউন চলা অবস্থায় যেন না খেয়ে থাকে সেই জন্য চালু করেছে হটলাইন খাবার ব্যাবস্থা ফোনে কল পেলেই পৌছে দিবে খাবার। এমন উদ্যোগ কে সাধুবাদ জানিয়েছেন সমাজের বিত্তশালী মানুষ ও সুশীল সমাজ।

এ বিষয়ে ইউনিভার্সাল এমিটির সদস্য একজন বনবতার সেবক রুবেল হোসেন জানান আমরা এই মহামারীর সময় ধাপে ধাপে মানুষ কে সহযোগীতা করে আসছি। এবং দেখেছে এমন কিছু পরিবার আছে যারা না খেয়ে থাকে কিন্তু কারর দারে যেতে পারে না।তাই ফোনের মাধ্যোমে খাবার পৌছে দেওয়ার ব্যাবস্থা করেছি যাতে করে সকলেই বলতে পারে। আর এটার আমাদের মুলত উদ্দেশ্য।

এ বিষয়ে ফিরোজ মিয়া জানান আমারা জনগন কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাস্ক হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেছি। সাথে আমাদের কলের মাধ্যেমে চলছে খাবার বিতরণ।
এ সময় আরো উপস্থিত ছিলেন ইউনিভার্সাল এমিটি ফাউন্ডেশনের এক নিষ্ঠ সদস্য ও উজলপুর মাধ্যামিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইমরান হোসেন।পাভেল হোসেন, মানিক সহ আরো সদস্য বৃন্দ।

গাংনীর বামন্দি বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুই কাপড় ব্যবসায়ীকে জরিমানা

গাংনী উপজেলার বামন্দি বাজারের নজরুল টাওয়ারে অভিযান চালিয়ে হাসান আলী ও সেলিম রেজা নামের দুই কাপড় ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
আজ (১আগষ্ট) রবিবার দুপুরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারি কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুল আলম।

এসময় বামন্দি বাজারের জালাল ট্রেডার্সের মালিক হাসান আলী ও সেলিম রেজার দুটি কাপড়ের দোকান ক্রেতাসহ খোলা অবস্থায় পাওয়া যায়। দুটি দোকানকেই দন্ড বিধি, ১৮৬০ এর ২৬৯ ধারা অনুসারে ২৫০০ টাকা করে মোট ৫০০০ টাকা জরিমানা করা হয়।

গাংনী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলমের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে সার্বিক সহায়তা প্রদান করে বাংলাদেশ সেনাবাহিনীর ২৭ ফিল্ড রেজিমেন্টের লেফটেন্যান্ট সাদমান, বামুন্দি পুলিশ ক্যাম্পের আইসি ও তাদের টিম।